

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬৭

আগরতলা, ১০ এপ্রিল, ২০২৪

ঈদ-উল-ফিতর উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ঈদ-উল-ফিতর উপলক্ষে রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল বলেন, ‘পবিত্র রমজান মাসের শেষে ঈদ-উল-ফিতর উদযাপন করা হয়। এই মাসে সমস্ত মানবজাতির জন্য সর্বেশ্বরের কাছে আশীর্বাদ, ক্ষমা ও দয়া প্রার্থনা করা হয়। পবিত্র রমজান মাস পালন করা হয় মানুষের প্রতি শুভকামনা ও দয়াশীলতা জাগ্রত করার জন্য। এর মাধ্যমে সকলের জন্য, বিশেষ করে দুর্বল, দরিদ্র, পিছিয়েপড়া মানুষদের প্রতি দয়া ও দানশীলতার বিষয়ে আমাদের দায়িত্ব স্মরণ করিয়ে দেয়।’ রাজ্যপাল আশা প্রকাশ করেন এই উৎসব রাজ্যবাসীর জন্য আনন্দ, ভালবাসা, সুখ-শান্তি, সমৃদ্ধি নিয়ে আসবে এবং সৌভ্রাতৃত্ববোধ জাগ্রত করবে।
